দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 APR 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

## সমস্যায় জর্জরিত সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ

মিরপুরে অবস্থিত দেশীয় চিকিৎসা পদ্ধতির ডিগ্রী পর্যায়ের একমাত্র কলেজ সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ। প্রতিষ্ঠালগ্ন থেকেই কলেজটি হাজারো সমস্যায় জর্জরিত। কলেজে প্রায় দশ মাস যাবত কোন অধ্যক্ষ নেই। অধ্যক্ষের দায়িত্বে যিনি আছেন তিনি কলেজেরই একজন প্রভাষক। অধ্যক্ষ না থাকায় কলেজে প্রশাসনিক জটিলতা দেখা দিয়েছে। কলেজে টের্টমবহ, দেহ্রধমকমথহ, ওলরথণরহ, টেদমফমথহ বিভাগে কোন সহকারী ও সহযোগী অধ্যাপক না থাকাতে ছাত্র-ছাত্রীরা প্রয়োজনীয় শিক্ষা থেকে বঞ্চিত। কলেজটি ১৯৯০ সালের ১০ মার্চ থেকে চালু হলেও অদ্যাবধি ছাত্র-ছাত্রীরা তাদের শিক্ষাবৃত্তি পাচ্ছে না। কলেজ ক্যাম্পাসে ওষুধ



উৎপাদন কেন্দ্র ও গবেষণাগার গত দু বছর আগে নির্মিত হওয়া সত্ত্বেও কলেজ কর্তৃপক্ষের অদক্ষতার কারণে তা এখনও চালু করা হয়নি, ফলে কোটি কোটি টাকার যন্ত্রপাতি বিকল হতে চলেছে এবং প্রয়োজনীয় ওষুধ উৎপাদন করা যাচ্ছে না। ফলশ্রুতিতে হাসপাতালের আন্তঃবিভাগ চালু থাকা সত্ত্বেও রোগীরা তাদের প্রয়োজনীয় ওষুধ পাচ্ছে না। উপরোল্লিখিত বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অনেকবার জানানোর পরেও এখন পর্যন্ত কোন সুব্যবস্থা হয়নি।

যথাযথ কর্তৃপক্ষের কাছে আবেদন, উপরোক্ত বিষয়াবলী বিবেচনা করে কলেজে অধ্যক্ষ, হাসপাতাল তত্ত্বাবধায়ক ও পিপি অনুযায়ী ইর্তটমবহ, দেহ্রধকমথহ, টেদমফমথহ, ওলরথণরহ বিভাগের শিক্ষক নিয়োগ, ওষুধ উৎপাদন কেন্দ্র ও গবেষণাগার চালু, হাসপাতালের আন্তঃবিভাগে প্রয়োজনীয় খাদ্য ও ওষুধ সরবরাহ এবং ছাত্রবৃত্তির ব্যবস্থা করে ছাত্রছাত্রীর ভবিষ্যত সুনিশ্চিত করুন এবং উপযুক্ত শিক্ষার পরিবেশ সৃষ্টি করুন।

**এস এম নাসির উদ্দিন, সাইফুল, মোবারক ও তাজুল**
সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ, মিরপুর, ঢাকা

## যশোর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সমীপে আকুল আবেদন

আমি ১৯৯৪ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ডের আওতায় বরিশাল বিএম কলেজ থেকে অংশগ্রহণ করি। আমার রোল ৫০০৭২১ (বাণিজ্য বিভাগ), নিবন্ধন সংখ্যা ৫৭৯৫৩। কেন্দ্র বিএম কলেজ। আমি পরীক্ষায় আশানুরূপ ফল না পাওয়ায় ইংরেজী ১ম এবং ইংরেজী ২য় পত্র পুনরায় দেখার জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে ৭-২-৯৪ তারিখে আবেদন করি। দুঃখের বিষয়, এ নিয়ে কোন ফল আজ পর্যন্ত পেলাম না। ফল না পাওয়ায় আমি অত্যন্ত বিচলিত হয়ে পড়েছি। তাই পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে আকুল আবেদন, যাতে আমি উক্ত ফলাফল অতি শীঘ্রই পেতে পারি তার ব্যবস্থা নিন।

**মোঃ আনোয়ার হোসেন খান**
সদর রোড, বরিশাল